



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটি)
বিআরটি ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।



**রাইডশেয়ারিং সার্ভিসে অ্যাপস্ ব্যবহার ব্যতীত চুক্তিভিত্তিক যাত্রী পরিবহন এবং অতিরিক্ত ভাড়া আদায়
সংক্রান্ত সতর্কতার বিষয়টি**

এতদ্বারা রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান, রাইডশেয়ারিং সেবাদানকারী মোটরযান মালিক, মোটরযান চালক এবং রাইডশেয়ারিং এর সেবাগ্রহণকারীদের অবহিত করা যাচ্ছে যে, অ্যাপস্ ভিত্তিক রাইডশেয়ারিং সেবা প্রদান এবং গ্রহণের জন্য সরকার কর্তৃক রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ প্রবর্তন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী বিআরটি থেকে রাইডশেয়ারিং এনলিস্টমেন্ট সার্টিফিকেট গ্রহণ করত: রাইডশেয়ারিং অ্যাপ্লিকেশন ব্যবহার করে সংশ্লিষ্ট সেবা প্রদান ও গ্রহণ এবং সুনির্দিষ্ট পরিমাণ ভাড়া আদায় করার শর্ত রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় মোটরযান চালক কর্তৃক উক্ত নীতিমালা'র শর্তাদি প্রতিপালন না করে চুক্তিভিত্তিক রাইডশেয়ারিং সেবা প্রদান এবং অতিরিক্ত ভাড়া আদায় করা হচ্ছে, যা রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ এর পরিপন্থ। এছাড়াও অ্যাপস্ ছাড়া চুক্তিভিত্তিতে রাইডশেয়ারিং সেবা গ্রহণ না করার জন্য সেবাগ্রহণকারীগণকে বিরত থাকতে অনুরোধ করা যাচ্ছে। এমতাবস্থায়, রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ এর বিধান লঙ্ঘন করে চুক্তিভিত্তিক মোটরযান পরিচালনাসহ অতিরিক্ত ভাড়া আদায় করলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান, মোটরযান মালিক, মোটরযান চালক এবং সেবাগ্রহণকারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুক্তিভিত্তিক যাত্রী পরিবহন ও অতিরিক্ত ভাড়া আদায় সংক্রান্ত যেকোনো অভিযোগ সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং), রাইডশেয়ারিং শাখা, বিআরটি, সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২, মোবাইল নম্বর: ০১৭১৪৫৫৬৫৭০, ফোন নম্বরঃ ০২-৫৫০৪০৭৪৫, ইমেইল: ade_ride@brta.gov.bd বরাবর দাখিল করার অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)

(শীতাংশু পুরুষ বিশ্বাস)
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোনঃ ৫৫০৪০৭১৬